সুন্দরবন ট্যুর

মোংলা - সুন্দরবন - মোংলা

(প্রাইভেট ট্যুর - মাঝারি বোট)

৩ দিন / ২ রাত | প্রতি জন ৭,৫০০/- থেকে শুরু

BTA Holidays

Family Tours in Budget

(A sister company of Nijhoom Tours)

House 6 (Ground Floor), Road 17, Nikunja 2

Khilkhet, Dhaka 1229

Website: bangladesh-travel-assistance.com

Email: MyBTAHolidays@gmail.com

Phone/WhatsApp: +88-017-99-33-11-99

উপভোগ করুন সুন্দরবন ম্যানগ্রোভ বনের নৈসর্গিক সৌন্দর্য, যা পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন, একটি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট, এবং রামসার তালিকাভুক্ত পৃথিবীর গুরুত্বপূর্ণ একটি জলাভূমি। আমাদের আরামদায়ক ট্যুরিস্ট বোটে পুরো ৩ দিন ২ রাত অবস্থান করে ঘুরে দেখুন সুন্দরবনের বিভিন্ন অংশ। উপভোগ করুন সুন্দরবনের জীবজন্তু এবং মজাদার সব খাবারের সাথে আমাদের বোটের আতিথেয়তা। **বিটিএ হলিডেজ**-এর সাথে সপরিবারে সুন্দরবন ট্যুর হবে আপনার সারা জীবন মনে রাখার মত একটি অভিজ্ঞতা।

ট্যুরের আকর্ষণ

- আরামদায়ক ট্যুরিস্ট বোটে ৩ দিন ২ রাত অবস্থান করে সুন্দরবন ম্যানগ্রোভ বনের বিভিন্ন অংশ ঘুরে দেখা।
- হরিন, বানর, বণ্য শুকর, কুমির, ডলফিন, ভোদর, সজারু, ভাগ্য ভাল হলে বাঘ, বিভিন্ন ধরনের পাখি ও অন্যান্য বন্যপ্রানীর খোঁজে জঙ্গলে হাঁটা।
- বন্য পশুপাখির খোঁজে নিঃশব্দ কাঠের নৌকায় সুন্দরবনের ছোট ছোট খাল এবং খাড়ি ঘুরে দেখা।
- ওয়াচ টাওয়ার থেকে বনের পশুপাখি দেখা।
- বনের গহীনে অবস্থিত দেশের সবচেয়ে সুন্দর এবং কোলাহল মুক্ত সমুদ্র সৈকতে সময় কাটানো।
- পুরো সময় আমাদের দক্ষ শেফের তৈরী দারুন মজাদার সব খাবার উপভোগ করা।

বিস্তারিত ভ্রমণ পরিকল্পনা

১ম দিনঃ মোংলা - হারবারিয়া - কটকা

- সকাল ৭.০০ টায় মোংলা ঘাটে সাক্ষাত, আমাদের বোটে স্থানান্তর, এবং সাথে সাথে সুন্দরবনের উদ্দেশ্যে যাত্রা। বোটে সকালের নাস্তা পরিবেশন।
- দুপুরে হারবারিয়া ইকো-ট্যুরিজম সেন্টারে পৌঁছে বনের ভিতর হাঁটা এবং সুন্দরবেনর প্রথম অভিজ্ঞতা নেয়া।
- জাহাজে ফিরে এসে কটকার উদ্দেশ্যে যাত্রা এবং রাত ১১.০০ টার দিকে কটকা পৌঁছা। জাহাজে দুপুর এবং রাতের খাবার পরিবেশন এবং রাত্রিযাপন।

২য় দিনঃ কটকা - কচিখালি

- খুব ভোরে বন্যপ্রানী এবং পাখির খোঁজে নিঃশব্দ কাঠের নৌকায় সুন্দরবনের খাল ও ছোট খাড়িতে ভ্রমন।
- বোটে ফিরে এসে সকালের নাস্তা।
- কটকা বন্যপ্রানী অভয়ারন্য পরিদর্শন, যেখানে দেখা যাবে হরিনের পাল।
- জঙ্গলের ভিতর দিয়ে হেঁটে হেঁটে জামতলা বীচে পৌঁছা (৪৫ মিনিট) এবং আনন্দময় সময় কাটানো।
- জাহাজে ফিরে এসে কচিখালির দিকে যাত্রা শুরু। জাহাজ যাবে সুন্দরবনের ছোট একটি খাল দিয়ে, যেখানে খুব কাছে থেকে নিবিড় ভাবে উপভোগ করা যাবে সুন্দরবনের রূপ। পথে দুপুরের খাবার পরিবেশন।
- বিকেলে কটকায় পৌঁছে কিছুক্ষণ জঙ্গলে হাঁটা।
- সন্ধ্যায় চাঁদপাই অথবা ডাঙমারি ফরেস্ট স্টেশনের উদ্দেশ্যে আমাদের ফিরতি যাত্রা শুরু। ফরেস্ট স্টেশনের কাছে জাহাজে রাত্রি যাপন।

৩য় দিনঃ করমজল - মোংলা

- খুব ভোরে বন্যপ্রানী এবং পাখির খোঁজে নিঃশব্দ কাঠের নৌকায় সুন্দরবনের খাল ও ছোট খাড়িতে ভ্রমন।
- বোটে ফিরে করমজল ইকো-ট্যুরিজম সেন্টারের উদ্দ্যেশ্যে যাত্রা এবং সকালের নাস্তা পরিবেশন।
- ১১.০০ টার দিকে করমজল ইকো-ট্যুরিজম সেন্টারে পৌঁছে বনের ওয়াক-ওয়েতে হাঁটা, ওয়াচ টাওয়ার থেকে সুন্দরবন পরিদর্শন, এবং কুমির প্রজনন কেন্দ্র ঘুরে দেখা।
- জাহাজে ফিরে মোংলার উদ্দেশ্যে যাত্রা। পথে দুপুরের খাবার পরিবেশন।
- দুপুর ১.৩০ টার দিকে মোংলা ফিরে আসা এবং বিদায় জানানো।
- ট্যুর সমাপ্ত।



ট্যুরের মূল্য তালিকা

- ২-৪ জন এক কেবিনে শেয়ার, আলাদা বাঙ্কার বেডঃ ৭,৫০০/- প্রতি জন।
- কাপল কেবিনঃ ৮,০০০/- প্রতি জন।
- ফ্যামিলি কেবিনঃ ৮,০০০/- প্রতি জন + বাচ্চার জন্য প্রযোজ্য মূল্য।
- সিঙ্গেল কেবিনঃ ৮,০০০/- প্রতি জন।
- ৩ বছরের নীচে বাচ্চাঃ সম্পূর্ণ ফ্রি (বাবা-মায়ের সাথে একই বেডে থাকতে হবে)।
- ৩-৬ বছরের বাচ্চাঃ ৩,৫০০/- প্রতি জন (খাবার সহ। বেড ছাড়া। বাবা-মায়ের সাথে একই বেডে থাকতে হবে)।
- ৩-৬ বছরের বাচ্চাঃ ৫,২০০/- প্রতি জন (খাবার + আলাদা বেড সহ)।
- ৬+ বছরের বাচ্চাঃ ৭,৫০০/- প্রতি জন (খাবার + আলাদা বেড সহ)।

ট্যুরে যা কিছু অন্তর্ভূক্ত

- ৩ দিন ২ রাত জাহাজের কেবিনে থাকা।
- ট্যুর চলাকালীন সমস্ত খাবার (সকালের নাস্তা + দুপুরের খাবার + রাতের খাবার)।
- মিনারেল ওয়াটার।
- দ্বিতীয় রাতে জাহাজে বার-বি-কিউ ডিনার।
- ফরেস্ট পারমিট ফি।
- নিঃশব্দ কাঠের নৌকায় খাল এবং খাড়িতে ভ্রমন।
- নিরাপত্তার জন্য সশস্ত্র ফরেস্ট গার্ড।
- সার্বক্ষণিক একজন ট্যুর গাইড।

যা কিছু অন্তর্ভূক্ত নয়

- মোংলায় যাওয়ার বাস, ট্রেন, বা অন্য কোন ধরনের যানবাহন।
- খাবারের সাথে পরিবেশনের বাইরে কোন ধরনের সফট ড্রিংস।
- ১,২০০ টাকা ভিডিও ক্যামেরার ফি (যদি থাকে)।
- কোন ধরনের ব্যাক্তিগত ব্যবহারের জিনিসপত্র।
- টিপস।

যেভাবে বুকিং করতে হবে

- প্রথমে আমাদের ওয়েবসাইটে বুকিং ফর্ম পুরন করে সাবমিট করতে হবে।
- এরপর ট্যুর প্রাইসের ৫০% পেমেন্ট করতে হবে। পেমেন্ট করা যাবে বিকাশের মাধ্যমে (বিকাশ চার্জ প্রযোজ্য), আমাদের সিটি ব্যাংক একাউন্টে ডিপোজিটের মাধ্যমে, অথবা আমাদের অফিসে এসে ক্যাশ পেমেন্টের মাধ্যমে।
- বাকী টাকা ট্যুর শুরুর এক সপ্তাহ্ আগে সম্পূর্ণ পরিশোধ করতে হবে। অন্যথায় বুকিং অটোমেটিক বাতিল হয়ে যাবে এবং আমাদের ক্যান্সেলেশন পলিসি অনুযায়ী টাকা কেটে রেখে জমাকৃত টাকা থেকে প্রাপ্য টাকা ফেরত প্রদান করা হবে।
- বুকিং এর সময় ফরেস্ট পারমিটের জন্য প্রত্যেক অতিথির ভোটার আইডি / পাসপোর্ট এর এক কপি জমা দিতে হবে। সেই সাথে বয়স প্রমানের জন্য বাচ্চাদের জন্ম-নিবন্ধনের কপি প্রদান করতে হবে।

বুকিং বাতিল প্রক্রিয়া

- বুকিং কনফার্মের পরে বাতিল করতে চাইলে অবশ্যই তা আমাদের ই-মেইলের মাধ্যমে লিখিত জানাতে হবে। ই-মেইল প্রাপ্তির সময়কে বুকিং বাতিলের সময় হিসেবে গন্য করা হবে। ইমেইল ছাড়া বুকিং বাতিল গ্রহণযোগ্য হবে না।
- ট্যুরের ৭ দিন পূর্বে বুকিং বাতিল করা হলে ট্যুরের মোট মূল্যের ২৫% কেটে রেখে জমাকৃত বাকি টাকা ফেরত দেয়া হবে।
- ট্যুরের ৭ দিনের কম কিন্তু ৪৮ ঘণ্টা পূর্বে বুকিং বাতিল করা হলে ট্যুরের মোট মূল্যের ৫০% কেটে রেখে জমাকৃত বাকি টাকা ফেরত দেয়া হবে।
- ট্যুরের ৪৮ ঘন্টার কম কিন্তু ২৪ ঘণ্টা পূর্বে বুকিং বাতিল করা হলে ট্যুরের মোট মূল্যের ৭৫% কেটে রেখে জমাকৃত বাকি টাকা ফেরত দেয়া হবে।

- ট্যুর শুরুর ২৪ ঘন্টার কম সময়ে বুকিং বাতিল করা হলে কোন টাকা ফেরত দেয়া হবে না।
- প্রাকৃতিক কারনে অথবা জাতীয় জরুরী প্রয়োজনে **বিটিএ হলিডেজ** ট্যুর ক্যান্সেল করতে বাধ্য হলে জমাকৃত শতভাগ টাকা ফেরত প্রদান করা হবে।

গুরুত্বপূর্ণ তথ্য

- জোয়ার-ভাটা এবং মৌসুমের উপর নির্ভর করে ভ্রমন পরিকল্পনায় পরিবর্তন হতে পারে। তবে আমরা সর্বোচ্চ চেষ্টা করব তালিকায় থাকা সবগুলো স্পট কভার করতে।
- সুন্দরবন ভ্রমণে মজবুত ও দীর্ঘক্ষণ হাঁটার উপযোগী এবং ওয়াটারপ্রুফড সেন্ডেল সাথে নিতে হবে, যাতে পেছনে বেল্ট থাকে। হাই হিল বা ফর্মাল জুতা পড়ে বনে হাঁটা সম্ভব হবে না।
- হালকা, লুজ ফিটিং, আরামদায়ক, ও হালকা রঙের জামাকাপড় পরিধান করতে হবে। জিন্স, টাইট-ফিটিং, ও উজ্জ্বল রঙের জামাকাপড় পরিহার করাই শ্রেয়।
- নিজস্ব বাইনোকুলার থাকলে সাথে নিতে পারেন - বন্যপ্রানী দেখতে সুবিধা হবে।
- সাধারন অসুখ-বিসুখ যেমন শর্দি-কাশি, জ্বর, মাথা ব্যাথা, বমি, ডাইরিয়া, কাটা-ছেড়া ইত্যাদির জন্য এবং নিজের নিয়মিত সব ওষুধ সাথে নিতে হবে। সুন্দরবনে কোন জনবসতি নেই, কাজেই ওষুধ কেনার কোন ব্যবস্থা নেই।
- সুন্দরবন একটি অত্যন্ত সংবেদনশীল পরিবেশ ব্যবস্থা। বনে থাকা অবস্থায় উচ্চ শব্দে কথা বলা এড়িয়ে চলতে হবে।
- বনের ভেতরে হাঁটা এবং খালে নৌকা ভ্রমনের সময় সম্পূর্ণ নিঃশব্দ থাকতে হবে, যাতে শব্দ শুনে পশুপাখি সব পালিয়ে না যায়। বন্যপ্রাণীদের অত্যন্ত প্রখর শ্রবনশক্তি থাকায় নিঃশব্দ বনে সামান্য শব্দও এরা অনেক দূর থেকে শুনতে পায়।
- খালে নৌকা ভ্রমনের সময় অবশ্যই যার যার জায়গায় বসে থেকে প্রকৃতি এবং বন্যপ্রানী উপভোগ করতে হবে। নৌকায় কোন ভাবেই দাঁড়িয়ে থাকা যাবে না।
- বনের ভেতরে কোন ভাবেই দলছুট হওয়া যাবে না।
- বনের কোন গাছের পাতা এবং ফুল ছেড়া থেকে বিরত থাকুন। সুন্দরবন ভ্রমণ থেকে শুধুই আনন্দময় কিছু স্মৃতি নিয়ে আসুন - নিজের উপস্থিতির কোন ছাপ ফেলে আসবেন না।

খাবারের তালিকা (মোংলা)

১ম দিন

- **সকালের নাস্তাঃ** ওয়েলকাম ড্রিংস, পরোটা/ ব্রেড, বাটার, জেলি, ডিম/ভাজি, মধু, কলা, চা/কফি।
- **মধ্য-সকালের নাস্তা**
- **দুপুরের খাবারঃ** সাদা ভাত, ভর্তা, ভেটকি মাছ (দোপেয়াজো/কারি), মুরগীকারি, মিক্সড সবজি, ডাল, সালাদ।
- **বিকেলের নাস্তা**
- **রাতের খাবারঃ** সাদা ভাত, ফাইসা মাছ ভাজা/কারি, গরুর মাংস ভুনা, মিক্সড সবজি, ডাল, সালাদ।

২য় দিন

- **ভোরে নৌকা ভ্রমণের আগেঃ** বিস্কুট, চা/কফি।
- **সকালের নাস্তাঃ** পরোটা/খিচুড়ি, ডিম, বেগুনভাজা/ভাজি, আচার, চা/কফি।
- **জঙ্গল সাফারিঃ** আপেল/কমলা, ৩৫০ মিঃলিঃ পানি।
- **বীচ থেকে ফিরেঃ** লেবুর শরবত।
- **দুপুরের খাবারঃ** সাদা ভাত, ভর্তা, টেংরা মাছ কারি/ভাজা, মুরগী ভুনা/রেজালা, মিক্সড সবজি, ডাল, সালাদ।
- **বিকেলের নাস্তা**
- **রাতের খাবারঃ** ফ্রাইড রাইস/লুচি, চিকেন বার-বি-কিউ, ফিস বার-বি-কিউ, রাশিয়ান/চাইনিজ সালাদ, সফট ড্রিংস।

৩য় দিন

- **ভোরে নৌকা ভ্রমণের আগেঃ** বিস্কুট, চা/কফি।
- **সকালের নাস্তাঃ** পরোটা/রুটি, ভাজি, ডিম, চা/কফি।
- **মধ্য সকালের নাস্তা**
- **দুপুরের খাবারঃ** সাদা ভাত, ফাইসা মাছ ভাজা/কারি, হাঁস/মুরগীর মাংস ভুনা, মিক্সড সবজি, ডাল, সালাদ।

বিশেষ দ্রষ্টব্য

- পুরো ট্যুরে পর্যাপ্ত চা/কফি পরিবেশন করা হবে।
- ২৪ ঘণ্টা ২০ লিটার জারের ফিল্টার পানি সরবরাহ করা হবে।